# দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ লেনদেন ও ব্যবসা-বাণিজ্য

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

টেলিফোন-কেবিনের তরফ থেকে পুরস্কার দেওয়া হয়। সে পুরস্কার গ্রহণ করা বৈধ কি?

টেলিফোন-কেবিন বা এই শ্রেণীর কোন ব্যবসা প্রতিষ্ঠান থেকে পুরস্কার প্রদানের উদ্দেশ্য হল নিজের দিকে বেশি বেশি গ্রাহক আকর্ষণ করা। যাতে তার ব্যবসা বেশি চলে এবং লাভও প্রচুর হয়। আসলে এটি জুয়ার পর্যায়ভুক্ত। এতে সাধারণ মানুষকে ধোঁকা দেওয়া হয়, লভ দেখিয়ে বাতিল উপায়ে মানুষের অর্থ ভক্ষণ করা হয় এবং অন্য ব্যবসায়ী তথা গ্রাহকদের মনে হিংসা ও প্রতিদ্বন্দ্বিতামূলক বিদ্বেষ জাগিয়ে তোলা হয়। (ইবনে বাজ)

মহান আল্লাহ বলেছেন,

“হে বিশ্বাসীগণ ! মদ, জুয়া, মূর্তিপূজা বেদী ও ভাগ্য নির্ণয়ক শর ঘৃণ্য বস্তু শয়তানের কাজ। সুতরাং তোমরা তা বর্জন কর, যাতে তোমরা সফলকাম হতে পারে। শয়তান তো মদ ও জুয়া দ্বারা তোমাদের মধ্যে শত্রুতা ও বিদ্বেষ ঘটাতে চায় এবং তোমাদেরকে আল্লাহর স্মরণ ও নামাযের বাধা দিতে চায়! অতএব তোমরা কি নিবৃত্ত হবে না ?” (মায়িদাহঃ ৯০-৯১)

“হে বিশ্বাসীগণ! তোমরা একে অন্যের সম্পত্তি অন্যায়ভাবে গ্রাস করে না। তবে তোমাদের পরস্পর সম্মতিক্রমে ব্যবসার মাধ্যমে (গ্রহণ করলে তা বৈধ)। (নিসাঃ ২৯)

Source — https://www.hadithbd.com/books/link/?id=2225

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন